



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ বিভাগ



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.৪৮

তারিখ: ১৩ কার্তিক ১৪২৮

২৯ অক্টোবর ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড প্রকাশ করার লক্ষ্যে তথ্য যাচাই ও সংশোধন প্রসঙ্গে বিজ্ঞপ্তি

এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নির্ভুলভাবে প্রকাশের লক্ষ্যে শিক্ষার্থীদের তথ্য যাচাই ও সংশোধন করা প্রয়োজন।

এ লক্ষ্যে -

(ক) প্রত্যেক কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ৩ সদস্যের একটি কমিটির মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফর্মের লিখিত বিষয়, শাখা, ছবি, শ্রেণিরোল, অভিভাবকের মোবাইল ফোন নম্বর, বিষয়/শাখা/ছবি পরিবর্তনের তথ্য যাচাই করে সংশোধন প্রয়োজন হলে ১৮-১১-২০২১ তারিখের মধ্যে সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) বিষয়/শাখা পরিবর্তনের প্রয়োজন হলে Institute Panel থেকে বিষয়/শাখা পরিবর্তনের আবেদন দাখিল করতে হবে।

(গ) ছবি পরিবর্তনের প্রয়োজন হলে e-Office Management -এ "উচ্চ মাধ্যমিক : নিবন্ধন পত্রে ভুল ছবি পরিবর্তন" শিরোনামে আবেদন দাখিল করতে হবে।

(ঘ) শ্রেণিরোল, অভিভাবকের মোবাইল ফোন নম্বর পরিবর্তন প্রয়োজন হলে Student Management -এ সরাসরি সঠিক তথ্য প্রতিস্থাপন/সংযোজন করে Enter Key চেপে save করতে হবে।

(ঙ) আন্তঃবোর্ড ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি অনুমোদন ও নিবন্ধনের লক্ষ্যে e-Office Management -এ "উচ্চমাধ্যমিক : আন্তঃবোর্ড ছাড়পত্রের মাধ্যমে কলেজে ভর্তি ও নিবন্ধন" শিরোনামে আবেদন দাখিল করবে। এক্ষেত্রে, শিক্ষার্থীর পঠিত বিষয়ে সংশ্লিষ্ট কলেজে পাঠদানের অনুমতি আছে কি-না যাচাই করে নিতে হবে। এ সকল শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড প্রদানের পূর্বে পূর্ববর্তী শিক্ষাবোর্ডের মূল নিবন্ধন কার্ড জমা নিয়ে বিষয় যাচাই করে সংরক্ষণ করতে হবে।

(চ) বোর্ডের অভ্যন্তরে ছাড়পত্রের মাধ্যমে আসা শিক্ষার্থীদের পঠিত বিষয়ে সংশ্লিষ্ট কলেজে পাঠদানের অনুমতি আছে কি-না যাচাই করে নিতে হবে। তাদের শ্রেণিরোল, অভিভাবকের মোবাইল ফোন নম্বর Student Management থেকে অবশ্যই সংশোধন করে নিতে হবে।

২৯-১০-২০২১

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০৪২১-৬৮৬৩৮

ইমেইল:

ic@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়
- ২) প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর